**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসাবে রাজ্যভিত্তিক তিরঙ্গা র‍্যালির উদ্বোধন করেন ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এইডস, এইচ.আই.ভি ও ড্রাগসের বিরুদ্ধে সচেতনতা তৈরি করতে আজ রাজ্যের প্রায় ১২০০ স্কুলে ছাত্রছাত্রীদের নিয়মিত ক্লাসের সূচনা করেন।**

**(৩) নীতি আয়োগের উদ্যোগে আজ 'মেগা টিঙ্কারিং ডে' উদযাপিত হয়।**

**(৪) বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা বলেছেন ডিএনএ ক্লাব মূলত শিক্ষার্থীদের মধ্যে বৈজ্ঞানিক চিন্তাভাবনা এবং ব্যবহারিক জ্ঞান প্রচারের জন্য গঠন করা হয়েছে।**

**************************************

**Tiranga Rally–CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসাবে রাজ্যভিত্তিক তিরঙ্গা র‍্যালির উদ্বোধন করেন। বিকেলে তিরঙ্গা র‍্যালি উজ্জয়ন্ত প্রাসাদের সামনে থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমার পর রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এসে শেষ হয়। রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গনে অনুষ্ঠিত হয় তিরঙ্গা কনসার্ট ও তিরঙ্গা মেলা। এই মেলা আগামীকাল পর্যন্ত চলবে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০২২ সালে আজাদী কা অমৃত মহোৎসব এর অঙ্গ হিসাবে হর ঘর তিরঙ্গা কর্মসূচির সূচনা করেন। এই কর্মসূচির মূল উদ্দেশ্য হল দেশবাসীর মধ্যে দেশাত্মবোধ জাগিয়ে তোলা। প্রতিটি নাগরিকের কর্তব্য

জাতীয় পতাকার মর্যাদা ও সম্মান রক্ষা করা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মৎস্য মন্ত্রী সুধাংশু দাস, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিংকু রায়, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার প্রমুখ। অনুষ্ঠানের সূচনা পর্বে তুলসীবতি বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা নিজেদের হাতে তৈরি তিরঙ্গা রাখি মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিদের হাতে পরিয়ে দেন।

*****************************

**Har Ghar Tiranga-Quiz :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ মোহনপুর পুর পরিষদ অফিস প্রাঙ্গণে হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে মোহনপুর পুর পরিষদ আয়োজিত ক্যুইজ প্রতিযোগিতার উদ্বোধন করেন। তিনি বলেন এই কর্মসূচির মূল উদ্দেশ্য হচ্ছে জনগণের হৃদয়ে দেশপ্রেমের অনুভূতি জাগানো এবং ভারতীয় জাতীয় পতাকা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।

*******************************

**Har Ghar Tiranga-MP :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে দেশের বীরদের প্রতি শ্রদ্ধা জানিয়ে আজ নয়াদিল্লীর ভারত মন্ডপম থেকে মেজর ধ্যানচাঁদ ন্যাশনাল স্টেডিয়াম পর্যন্ত ‘হর ঘর তিরঙ্গা’ কর্মসূচির অংশ হিসাবে এক বাইক র‍্যালির আয়োজন করা হয়েছে। র‍্যালিতে অংশগ্রহণ করেছেন প্রদেশ বিজেপি সভাপতি তথা রাজ্যসভার সাংসদ রাজীব ভট্টাচার্য।

****************************

**Har Ghar Tiranga-Mayor :**

হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে আজ বিজেপি আগরতলা মন্ডলের উদ্যোগে সার্কিট হাউসে মহাত্মা গান্ধীর মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানানো হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, প্রদেশ বিজেপি’র সহসভানেত্রী পাপিয়া দত্ত, কর্পোরেটর হিরালাল দেবনাথ প্রমুখ।

***************************

**Har Ghar Tiranga-Unakoti :**

হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসাবে আজ বি.এস.এফ এর ১৯৯ নং ব্যাটেলিয়নের উদ্দোগে এক মোটর বাইক রেলি কৈলাশহরে অনুষ্ঠিত হয়। কৈলাশহরের টিলাবাজার থেকে কর্মসূচির সূচনা করেন বি,এস,এফ এর ১৯৯ নং ব্যাটেলিয়নের কমান্ডেন্ট অতুল সাইনি। বাইক রেলিতে বি,এস,এফ জওয়ানদের সঙ্গে সাধারণ নাগরিকরাও অংশ নেন।

ভারতীয় প্রাক্তন সৈনিক লিগ এর উদ্যোগে ও ঊনকোটি জেলা প্রশাসনের সহযোগিতায় আজ ঊনকোটি জেলা সদর কৈলাশহরে তিরঙ্গা যাত্রা কর্মসূচি অনুষ্ঠিত হয়। ১২০ মিটার দৈর্ঘ্যের ত্রিবর্ণ রঞ্জিত জাতীয় পতাকা নিয়ে আয়োজিত এই পথ পরিক্রমায় উপস্থিত ছিলেন ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা, কৈলাশহরের SDM বিপুল দাস, ভারতীয় প্রাক্তন সৈনিক লিগ এর জেলা সভাপতি ইরামন্ত সিনহা প্রমুখ।

***************************

**CM-Youth Day :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এইডস, এইচ.আই.ভি ও ড্রাগসের বিরুদ্ধে সচেতনতা তৈরি করতে আজ রাজ্যের প্রায় ১২০০ স্কুলে ছাত্রছাত্রীদের নিয়মিত ক্লাসের সূচনা করেন। আজ আগরতলার প্রজ্ঞাভবনে আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে আয়োজিত বেল অফ এওয়ারনেস শীর্ষক এক অনুষ্ঠানে ঘন্টা বাজিয়ে তিনি এই কর্মসূচীর সূচনা করেন। অষ্টম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ২ লক্ষ ৩১ হাজারেও বেশি ছাত্র ছাত্রী এই সচেতনতা মূলক ক্লাসের আওতায় আসবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী এইচ.আই.ভি, এইডস রোগ ও শিরা পথে নেশাদ্রব্য গ্রহনের বিরুদ্ধে ছেলেমেয়েদের সচেতন করতে অভিভাবকদের আরও দায়িত্বশীল ভুমিকা নিতে বলেন। তিনি বলেন, সরকারের প্রচেষ্টার ফলে নেশার বিরুদ্ধে সফলতা পাওয়া যাচ্ছে। নেশাদ্রব্য বাজেয়াপ্ত করার সংখ্যা বাড়ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ নেশামুক্ত

ভারত গড়ার অভিযান শুরু করেছেন। ত্রিপুরাতেও রাজ্য সরকার নেশার বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি নিয়ে কাজ করছে। এরজন্য পুলিশকে কঠোর নির্দেশ দেওয়া রয়েছে। তিনি বলেন, নেশার বিরুদ্ধে সচেতনতা গড়ে তুলতে স্কুলে এই ধরনের ক্লাস সময়োপযোগী। রাজ্য সরকারের এই উদ্যোগকে ঐতিহাসিক হিসাবে বর্ণনা করে মুখ্যমন্ত্রী বলেন, সম্ভবত সারা দেশের মধ্যে ত্রিপুরাতেই প্রথম এই ধরনের ক্লাস শুরু হল।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**NITI AYOG – MEGA TINKERING DAY :**

নীতি আয়োগের উদ্যোগে আজ 'মেগা টিঙ্কারিং ডে' উদযাপিত হয়। এই আয়োজনে ৩৫টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ১০ হাজারেরও বেশি অটল টিঙ্কারিং ল্যাব (ATL) থেকে শিক্ষার্থীরা একত্রিত হন। দেশব্যাপী স্কুলগুলিতে ভার্চুয়াল ভাবে এবং একযোগে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে ৯ হাজারেরও বেশি অটল টিঙ্কারিং ল্যাব সজ্জিত স্কুলের সাড়ে চার লক্ষেরও বেশি শিক্ষার্থী অংশগ্রহণ করে। নীতি আয়োগ জানিয়েছে, এই অনুষ্ঠানে

শিক্ষার্থীরা তাদের ল্যাবে সহজলভ্য দৈনন্দিন উপকরণ ব্যবহার করে একটি( DIY ) ডি আই ওয়াই ভ্যাকুয়াম ক্লিনার ডিজাইন এবং তৈরির বাস্তবমুখী প্রকল্পে অংশগ্রহণ করেছে। উচ্চাকাঙ্ক্ষী জেলাগুলির প্রত্যন্ত গ্রামের স্কুলগুলিও এই অনুষ্ঠানে যোগ দিয়েছে। এই অনুষ্ঠানটি মূলত সৃজনশীল চিন্তাবিদ, উদ্ভাবক এবং উদ্যোক্তাদের লালন-পালনের ভাবনায় এগিয়ে চলেছে এবং ভারতকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করে তুলছে। আর এটাই প্রমান করছে, দেশের ভবিষ্যৎ এখানে পরবর্তী প্রজন্মের মাধ্যমেই গড়ে উঠছে।

*****************************

**DNA Club :**

বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেব্বর্মা বলেছেন ডিএনএ ক্লাব মূলত শিক্ষার্থীদের মধ্যে বৈজ্ঞানিক চিন্তাভাবনা এবং ব্যবহারিক জ্ঞান প্রচারের জন্য এবং জৈবপ্রযুক্তি এবং প্রাকৃতিক সম্পদের ক্ষেত্রে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে গঠন করা হয়েছে। ত্রিপুরা বায়ো টেকনোলজি কাউন্সিলের উদ্যোগে আজ আগরতলার প্রজ্ঞা ভবনে ডিএনএ ক্লাবের উপর প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন। শ্রী দেব্বর্মা বলেন রাজ্যে ১৭০টির বেশি বিদ্যালয়, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ডি এন এ ক্লাব রয়েছে। আজ নতুন ৫০টি ডি এন এ ক্লাব গঠন করা হয়েছে। তিনি বলেন ক্লাবগুলি শিক্ষার্থীদের, মাটি ও জলের গুণমান মূল্যায়ন এবং ফল থেকে ডিএনএ নিষ্কাশনের মতো ব্যবহারিক বিষয়ে জানতে সাহায্য করে। পাশাপাশি স্থানীয় জৈব- সম্পদগুলির গুরুত্ব এবং তাদের সুস্থায়ী ব্যবহার এবং সংরক্ষণ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের অধিকর্তা মহেন্দ্র সিং, প্রধান সচিব চৈতন্য মূর্তি প্রমুখ।

*****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে

মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৫তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

****************************

**Paddy procurement :**

গোমতী জেলার মাতাবাড়ি ব্লকের কৃষকদের কাছ থেকে আজ নূন্যতম সহায়ক মূল্যে ধান ক্রয় করা হয়। মাতারবাড়ি ধন্য মানিক্য মুক্ত মঞ্চে আয়োজিত এই কর্মসূচির উদ্বোধন করেন গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়। এছাড়াও উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, মাতারবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শিল্পী দাস ও অন্যান্যরা।

*************************

**Har Ghar Tiranga-Sepahijala :**

হর ঘর তিরঙ্গা উৎসব উপলক্ষ্যে আজ সিপাহীজলা জেলা প্রশাসনের উদ্যোগে এক মিনি ম্যারাথন অনুষ্ঠিত হয়। পুরুষ ও মহিলা বিভাগের এই ম্যারাথন প্রতিযোগিতায় প্রথম ১০ জন প্রতিযোগীকে পুরস্কৃত করা হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলার জেলাশাসক ডক্টর সির্দ্ধাথ শিব জয়সওয়াল, সিপাহীজলা জেলার পুলিশ সুপার বিজয় দেববর্মা, বিশলাগড়ের মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী প্রমুখ।

***************************

**Har Ghar Tiranga-BSF :**

হর ঘর তিরঙ্গা উৎসব উপলক্ষ্যে আজ বি.এস.এফের ১১৪ নম্বর ব্যাটেলিয়ানের উদ্যোগে সাব্রুমের কাঁঠালছড়িতে বাইক র‍্যালির আয়োজন করা হয়। র‍্যালিটি কাঠালছড়ি থেকে বিভিন্ন পথ পরিক্রমা করে সাব্রুমের মৈত্রী সেতুর সামনে গিয়ে শেষ হয়। বি.এস.এফ-এর আধিকারিক ও জওয়ানরা এই বাইক র‍্যালিতে অংশ নেন।

****************************

**BSNL Press Meet :**

বি.এস.এন.এল কর্তৃপক্ষ গ্রাহকদের জন্য নিয়ে এসেছে নতুন এক "ফ্রিডম প্ল্যান"। এই প্ল্যানটির মাধ্যমে গ্রাহকরা মাত্র ১ টাকা রিচার্জ করে আনলিমিটেড ভয়েস কল, প্রতিদিন ২ জিবি হাই-স্পিড ডেটা এবং ১০০টি এস.এম.এস-এর সুবিধা পাবেন। আজ আগরতলায় বি.এস.এন.এল কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে বি.এস.এন.এল, উত্তর-পূর্ব- ১ সার্কেলের জেনারেল ম্যানেজার শংকর লাল মীনা একথা জানিয়েছেন। তিনি জানান এই প্ল্যানটি শুধুমাত্র নতুন সংযোগ এবং যারা বিএসএনএল-এ পোর্ট-ইন করবেন, তাদের জন্য প্রযোজ্য। প্ল্যানটি আগামী ৩১শে আগস্ট পর্যন্ত কার্যকর থাকবে। এবং উত্তর-পূর্ব-১ টেলিকম সার্কেলের অধীনে মেঘালয়, মিজোরাম এবং ত্রিপুরার গ্রাহকদের জন্য উন্মুক্ত থাকবে। তিনি আরো জানান "ফ্রিডম প্ল্যান"-এর সঙ্গে বি.এস.এন.এল একটি বিনামূল্যে সিম কার্ডও দিচ্ছে।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৬ ডিগ্রি সেলসিয়াস।

************************